

বঙ্গভবন ২৫ জুলাই ২০২২:

ভিডিও ফুটেজ:

<https://we.tl/t-TRx9RVpyxl>

বাংলাদেশে নিযুক্ত সৌদি আরবের রাষ্ট্রদূত **Essa Yousef Essa Alduhailan** সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎ কালে তিনি ওয়ার্ল্ড এক্সপো ২০৩০ উপলক্ষ্যে সৌদি আরবের বাদশা সালমান বিন আব্দুল আজিজ আল সৌদের একটি পত্র রাষ্ট্রপতির কাছে হস্তান্তর করেন।

সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন বাংলাদেশের সঙ্গে সৌদি আরবের দ্বিপাক্ষিক সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বহুপাক্ষিক।

রাষ্ট্রপতি বলেন বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে বাণিজ্য-বিনিয়োগ বৃদ্ধির যথেষ্ট সুযোগ রয়েছে। রাষ্ট্রপতি দুই দেশের মধ্যে বাণিজ্য বিনিয়োগ বৃদ্ধিতে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি ও সফর বিনিময়ের উপর জোর দেন। রাষ্ট্রপতি মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সহায়তার প্রদানের জন্য সৌদি আরবের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশা করেন এ সহযোগিতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে এবং সৌদি আরব রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবর্তনে মিয়ানমারের উপর চাপ প্রয়োগ অব্যাহত রাখবে।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, রাষ্ট্রপতির সামরিক সচিব মেজর জেনারেল এসএম সালাহ উদ্দিন ইসলাম, রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব (সংযুক্ত) ওয়াহিদুল ইসলাম খান এসময় উপস্থিত ছিলেন।